



বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ স্কুল এন্ড কলেজ
(বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড কর্তৃক পরিচালিত)
বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

EIIN: 103299

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র: বিজিএফএসসি/শিক্ষক নিয়োগ/০১/২০২৪

তারিখ: ১৮ ফেব্রুয়ারি, ২০২৪

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ স্কুল এন্ড কলেজ (বিজিএফএসসি)-এ নিম্নবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশী যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	অধ্যক্ষ	০১(এক) টি	টা: ৪৩০০০-৬৯৮৫০ গ্রেড-৫	শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান। অভিজ্ঞতা: উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও.ভুক্ত হিসেবে কর্মরত অথবা এম.পি.ও.ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ (বারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা এম.পি.ও. ভুক্ত হিসেবে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক কলেজে জ্যেষ্ঠ প্রভাষক পদে ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ (বারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা উল্লিখিত শিক্ষাগত যোগ্যতাসহ বিএড/এমএড ডিগ্রিসহ স্বনামধন্য কলেজে সহকারী অধ্যাপক হিসাবে ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ ১২ (বারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা ও প্রশাসনিক দক্ষতা থাকতে হবে অথবা সরকারী কলেজ/ক্যাডেট কলেজ/এম.পি.ও.ভুক্ত কলেজের অবসরপ্রাপ্ত শারীরিকভাবে সক্ষম সহযোগী অধ্যাপক/ অধ্যাপক/অধ্যক্ষ অথবা বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে জ্যেষ্ঠ প্রভাষকসহ মোট ১২ (বারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
(২)	সহকারী প্রধান শিক্ষক (ষষ্ঠ শ্রেণি হতে দশম শ্রেণির জন্য)	০১(এক) টি	টা: ২৩০০০-৫৫৪৭০ গ্রেড-৮	শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/এমএড ডিগ্রি সমমান। অভিজ্ঞতা: এম.পি.ও.ভুক্ত বেসরকারি বিদ্যালয় বা খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠানে ১৬,০০০.০০-৩৮,৬৪০.০০ টাকা স্কেলে ১০(দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।

শর্তাবলী:

- প্রার্থীকে A4 সাইজ সাদা কাগজে নিম্ন ক্রমানুসারে কম্পিউটারে টাইপ করে খামের উপর প্রার্থিত পদের নাম স্পষ্টভাবে উল্লেখপূর্বক আবেদন করতে হবে: (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (মোবাইল নম্বরসহ) (চ) নিজ জেলা (ছ) জন্ম তারিখ (জ) বয়স (৩১-০৩-২০২৪ তারিখে) (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ডিগ্রীর নাম, প্রাপ্ত বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ, পাসের সন ও বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখসহ) (ঞ) ধর্ম (ট) জাতীয়তা (ঠ) বৈবাহিক অবস্থা (ড) অভিজ্ঞতা (ঢ) প্রশিক্ষণ (যদি থাকে) (ণ) ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর ও তারিখ ইত্যাদি।
- আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, সদ্যতোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রশ্মিন সত্যায়িত ছবি, নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের প্রত্যয়নপত্র ও জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি এবং অন্যান্য প্রযোজ্য সনদপত্র/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র সভাপতি, গভর্নিং বডি, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ স্কুল এন্ড কলেজ, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে আগামী ৩১-০৩-২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রিকৃত ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে “বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ স্কুল এন্ড কলেজ” এর অনুকূলে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক হতে ৬০০.০০(ছয়শত মাত্র) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- এ বিজ্ঞপ্তির আলোকে নিয়োগপ্রাপ্তদের চাকুরী বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ স্কুল এন্ড কলেজ-এর “কার্যপরিচালনা নীতিমালা-২০২২” ও “চাকুরী প্রবিধানমালা-২০২২” দ্বারা পরিচালিত হবে এবং তাঁরা বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ স্কুল এন্ড কলেজের শিক্ষক/কর্মচারী হিসেবে গণ্য হবেন। তাঁদের চাকুরী কোন অবস্থাতেই বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড-এর সাথে সম্পৃক্ত হবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। যে কোন প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ ও সহকারী প্রধান শিক্ষক-কে কর্মস্থলে অবস্থান করতে হবে।
- কোন প্রার্থী নিয়োগ লাভের পর তাঁর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ ও সহকারী প্রধান শিক্ষক-কে বিজিএফএসসি চাকুরী প্রবিধানমালা-২০২২ মোতাবেক বাড়ি ভাড়া, বার্ষিক বেতন বৃদ্ধি, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, নববর্ষ ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, পোশাক ভাতা, শ্রান্তি ও বিনোদন ভাতা, কল্যাণ তহবিল, ভবিষ্য তহবিল (সিপিএফ), আনুতোষিকসহ (গ্র্যাচুইটি) অন্যান্য সুবিধা প্রদান করা হবে। উল্লিখিত সুবিধাদি ছাড়াও অধ্যক্ষ টেলিফোন/ইন্টারনেট ও শিফট ভাতা প্রাপ্য হবেন।
- এ নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ সম্পূর্ণ বা আংশিক নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

সভাপতি, গভর্নিং বডি

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ স্কুল এন্ড কলেজ